মেহেরপুরে নানা আয়োজনে আন্তর্জাতিক নার্স দিবস পালিত

“আমাদের নার্স, আমাদের ভবিষ্যৎ” প্রতিপাদ্যে বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা ও মোমবাতি জ্বালিয়ে শপথ নেওয়ার মধ্য দিয়ে মেহেরপুরে আন্তর্জাতিক নার্স দিবস পালিত হয়েছে।
দিবসটি উপলক্ষে শুক্রবার (১২ মে) সকাল সাড়ে আটটায় ২৫০ শয্যা বিশিষ্ট মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক ডাঃ জামির মোহাম্মদ হাসিবুস সাত্তারের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি শহরের পৌর ঈদগাহ গেট থেকে শুরু করে প্রধান সড়ক প্রদক্ষিণ করে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। মেহেরপুর ২৫০ শয্য বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্ববধায়কের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
ডাঃ জামির মোহাম্মদ হাসিবুস সাত্তারের সভাপতিত্বে “আমাদের নার্স, আমাদের ভবিষ্যৎ ” শীর্ষক আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএমএ’র সভাপতি ডাঃ এম এ বাশার, ডাঃ মেহেদী হাসান, নার্সিং সুপারভাইজার নাজমা খাতুন, ইসমত আরা, কুলসুম আরা, আসাদুল হক, তুষার বিশ্বাস প্রমুখ।
এর আগে সেখানে বেলুন উড়িয়ে এবং কেককেটে আন্তর্জাতিক নার্স দিবস অনুষ্ঠানের সূচনা করা হয়। সব শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গাংনীতে আন্তর্জাতিক নার্সেস দিবস পালিত

“স্বাস্থ্য ব্যবস্থাপনায় শক্তিশালী নার্স নেতৃত্বের বিকল্প নেই, স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে নার্সিং খাতের বিনিয়োগ বাড়ান ও নার্সদের অধিকার সংরক্ষণ করুণ” প্রতিপাদ্য বিষয় নিয়ে গাংনীতে আন্তর্জাতিক নার্সেস দিবস পালিত হয়েছে।
দিবসটি পালন উপলক্ষে সকাল ৯ টার সময় একটি র্যালি গাংনী উপজেলা